রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ)

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬২৪.২৫-৪৮

তারিখঃ ০৪/০৪/১৪৩৩ বঙ্গাঃ
১৯/০৭/২০২৬ খ্রিঃ

বিষয়ঃ **বাধ্যতামূলক অবসর প্রদান (Compulsory retirement as a penal measure) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।**

যেহেতু আপনি জনাব মোঃ শরিফুল ইসলাম কাজল, উচ্চমান সহকারী (আইডি-৭২০৩০১০০৩), নাটোর পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নাটোর কর্তৃক একই দপ্তরে কর্মরত জনাব মোছাঃ হামিরা খাতুন সার্ভেয়ার (প্রকৌশল) এর মুঠোফোনে কুরুচিপূর্ণ কথাবার্তা ও তাকে কুপ্রস্তাব প্রদান করেন। এছাড়াও আপনি চাঁপাইনবাবগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, চাঁপাইনবাবগঞ্জে উচ্চমান সহকারী হিসেবে কর্মরত থাকাকালীন আপনার বিরুদ্ধে মহিলা সহকর্মীদের সাথে সেক্সচুয়াল হ্যারাসমেন্ট এর অভিযোগ আনয়ন করা হয়েছিল। পরবর্তীতে আপনি নির্বাহী প্রকৌশলী, চাঁপাইনবাবগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, চাঁপাইনবাবগঞ্জ এর নিকট "ভবিষ্যতে আর এ ধরনের আচরণ করিবনা" মর্মে অঙ্গীকার করেছিলেন। কিন্তু আপনি সেটাও ভঙ্গ করেছেন। আপনার দায়িত্ব ছিল কর্মস্থলে সহকর্মীদের সাথে উত্তম আচরণ করা কিন্তু আপনি তা না করে মহিলা সহকর্মীকে সেক্সচুয়াল হ্যারাসমেন্ট করেছেন। আপনার উক্ত কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (ক) ও (খ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণের শামিল;

২। যেহেতু, উপরোক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক কার্যধারা সূচনা করতঃ শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬২৪.২৫-১১ তারিখঃ ২৫/০১/২০২৬ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা রেজিস্টার ডাকযোগে আপনার কর্মস্থলে প্রেরণ করা হয় । একই সাথে আপনার উপর উল্লিখিত দন্ড কেন আরোপ করা হবে না ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উহার জবাব দাখিলের জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে আপনি লিখিত বিবৃতি দাখিল করেন। দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনায় কার্যধারাটি অগ্রসর হওয়ার পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকায় অভিযোগনামায় উল্লেখিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(২)(গ) মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ প্রতিবেদন দাখিল করেন।

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে মহিলা সহকর্মীদের সাথে অসৌজন্যমূলক আচরণ ও **"সেক্সুয়াল হ্যারেসমেন্ট"** এর অভিযোগ তদন্তে প্রমাণীত হয়েছে। আপনার এরূপ কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক) ও (খ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণের শামিল বিধায় উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) (ই) মোতাবেক **বাধ্যতামূলক অবসর প্রদান (Compulsory retirement as a penal measure)** দন্ড চূড়ান্তভাবে আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১) (খ) (ই) মোতাবেক **বাধ্যতামূলক অবসর প্রদান (Compulsory retirement as a penal measure)** দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ (৬) মোতাবেক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। এছাড়া বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তি:- তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি।

১৯.৭.2025

**(মোঃ আতিকুর রহমান)**
পরিচালক
শৃঙ্খলা পরিদপ্তর, বাপউবো, ঢাকা।

অঃপৃঃদ্রঃ

প্রাপক,
জনাব মোঃ শরিফুল ইসলাম কাজল
উচ্চমান সহকারী
নাটোর পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, নাটোর।

জ্ঞাতার্থে/কার্যার্থেঃ-

১. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি ২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ পূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩. সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।